গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
প্রশাসন-১ অধিশাখা

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি চূড়ান্তকরণ উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ মোকাম্মেল হোসেন সচিব
সভার তারিখ	১৯.০৭.২০২১ খ্রি.
সভার সময়	সকাল ১০.৩০ টা
স্থান	ভিডিও কনফারেন্সিং (zoom) এ অনুষ্ঠিত, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
উপস্থিতি	ভিডিও কনফারেন্সিং (zoom) এ অনুষ্ঠিত

০২। সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সূচনা বক্তব্য তিনি সর্বকালের সর্বশ্রেষ্ট বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং ১৯৭৫ সালের ১৫ আগস্ট শাহাদত বরণকারী সকল শহীদদের আত্মার মাগফেরাত কামনা করেন। স্বাধীনতা অর্জনে জাতির পিতার অকুতোভয় সংগ্রাম ও সোনার বাংলা বিনির্মাণে তাঁর নিরলস কর্মপ্রয়াস অনন্য দেশপ্রেম, নেতৃত্বের গুনাবলী, মানুষের প্রতি অকৃত্রিম ভালবাসা সম্পর্কে নতুন প্রজন্মকে অবহিত করার জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে আহবান জানান। দিবসটি যথাযথ মর্যাদায় পালনের নিমিত্ত তিনি সকল কর্মকর্তাকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ জানান। অতঃপর যুগ্মসচিব (প্রশাসন) জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় ও আন্তরিকতার সাথে পালনের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত জাতীয় কর্মসূচির আলোকে এ মন্ত্রণালয় ও অধীন দপ্তর/সংস্থা কর্তৃক সম্ভাব্য কর্মসূচি উপস্থাপন করেন। মন্ত্রণালয়ের অন্যান্য কর্মকর্তাগণ ও অধীন দপ্তর/সংস্থার প্রধানগণ আলোচনায় অংশগ্রহণ করেন। বিস্তারিত আলোচনান্তে জাতীয় কর্মসূচির আলোকে সভায় নিম্নবর্ণিত কর্মসূচি চূড়ান্তকরণ করা হয়:

ক্র.	তারিখ, সময় ও স্থান	মন্ত্রণালয়/সংস্থাসমূহের কর্মসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	১৫ আগস্ট ২০২১ রবিবার	জাতীয় কর্মসূচির আলোকে সকল কার্যালয়ে ও স্থাপনায় (দেশে ও বিদেশে) জাতীয় পতাকা অর্ধনমিত রাখা।	এ বিষয়ে মন্ত্রণালয় ও সংস্থাসমূহ যথাযথ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;	মন্ত্রণালয়/সকল সংস্থা
২	পরিস্থিতি বিবেচনায় ১৫ আগস্ট ২০২১ সকাল ৬.৩০ টা ধানমন্ডি ৩২ নং রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে পুস্পস্তবক অর্পণ	পরিস্থিতি বিবেচনায় মন্ত্রণালয় ও এর অধীন সংস্থাসমূহের সকল কর্মকর্তা/কর্মচারী কর্তৃক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ;	জাতীয় কমিটির নির্দেশনার আলোকে ব্যবস্থা গ্রহণ	মন্ত্রণালয়/সকল সংস্থা

৩	১৫ আগস্ট ২০২১;	**মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মসূচি;** (ক) মন্ত্রণালয় ও সকল সংস্থার কর্মকর্তা-কর্মচারীদের কালো ব্যাজ ধারন; (খ) মন্ত্রণালয়ে শোক ব্যানার স্থাপন; (গ) সুবিধামতো সময়ে সকল কর্মকর্তা-কর্মচারীদের সমন্বয়ে আলোচনা সভা আয়োজন; (ঘ) মন্ত্রণালয়ের উদ্যোগে সকল সংস্থা ও মন্ত্রণালয়ের কর্মকর্তাগণের সমন্বয়ে হোটেল ইন্টারন্যাশনাল হিল- এ বাদ মাগরিব ভার্চুয়ালি মিলাদ মাহফিল আয়োজন; (ঙ) দপ্তর/সংস্থা কর্তৃক আয়োজিত কর্মসূচিতে মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ সমবিভাজিত হয়ে অংশগ্রহণ।	(ক) অবিলম্বে কালো ব্যাজ ধারনের ব্যবস্থা করতে হবে; (খ) ০৭ (সাত) দিন পূর্বে শোক ব্যানার স্থাপন করতে হবে;	(ক) যুগ্মসচিব (প্রশাসন) (প্রশাসন-২ ব্যানারের ব্যবস্থা করবে) ও (খ) এমডি, হিল
৪	১৫ আগস্ট ২০২১;	**সংস্থাভিত্তিক আলোচনাঃ** **(১) বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক):** (ক) পতাকা অর্ধনমিত রাখা, সকল কর্মকর্তা-কর্মচারীদের কালো ব্যাজ ধারন ও প্রধান কার্যালয়, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে এবং দৃশ্যমান স্থানে শোক ব্যানার স্থাপন; (খ) হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধুর ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ; (গ) বঙ্গবন্ধুর জীবনী নির্ভর ভিডিও প্রামান্যচিত্র প্রদর্শন; (ঘ) বেবিচক এর আওতাধীন স্কুলসমূহে অনলাইনে রচনা প্রতিযোগিতার আয়োজন ও প্রতিযোগিতায় পুরস্কার হিসাবে বঙ্গবন্ধুর লেখা বই পুরস্কার প্রদান; (ঙ) বেবিচক এর আওতাধীন সকল মসজিদে দোয়া ও মিলাদ মাহফিল আয়োজন; (চ)সকল কর্মকর্তা-কর্মচারীদের সমন্বয়ে আলোচনা সভা আয়োজন;	(ক) ১৫ আগস্ট এর ৭ দিন পূর্বে থেকেই শোক ব্যানার স্থাপন করতে হবে। (খ) হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধুর ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ করতে হবে। (গ) সংশ্লিষ্ট সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের কালো ব্যাজ ধারন করতে হবে; (ঘ) সংশ্লিষ্ট সংস্থা আলোচনা মোতাবেক স্ব স্ব কর্মসূচি বাস্তবায়ন করবে; (ঙ) বেবিচকের আওতাধীন স্কুলসমূহে অনলাইনে রচনা প্রতিযোগিতায় পুরস্কার হিসাবে বঙ্গবন্ধুর লেখা বই পুরস্কার প্রদান; (চ) আওতাধীন সকল মসজিদে দোয়া ও মিলাদ মাহফিল আয়োজন করতে হবে;	চেয়ারম্যান, বেবিচক

	(২) বাংলাদেশ পর্যটন করপোরেশন (বাপক): (ক) পতাকা অর্ধনমিত রাখা, সকল কর্মকর্তা-কর্মচারীদের কালো ব্যাজ ধারন ও প্রধান কার্যালয় এবং দৃশ্যমান স্থানে শোক ব্যানার স্থাপন; (খ) জাতির পিতা বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে মাল্য প্রদান; (গ) টুঙ্গিপাড়াস্থ হোটেল মধুমতি সার্বিকভাবে প্রস্তুত রাখা; (ঘ) সকল ইউনিট ব্যবস্থাপকগণ দিবসটি উদযাপনের জন্য জেলা ও উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় করে স্থানীয়ভাবে কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন; (ঙ) জুম এর মাধ্যমে বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক ভার্চুয়াল আলোচনা সভা আয়োজন ও বঙ্গবন্ধুর লেখা বই গুলো নিয়ে পাঠচক্র আয়োজন করা; (চ) জুম এর মাধ্যমে যোহরের নামাজের পর দোয়া ও মিলাদ মাহফিল আয়োজন।	(ক) ১৫ আগস্ট এর ৭ দিন পূর্বে থেকেই শোক ব্যানার স্থাপন করতে হবে। (খ) টুঙ্গিপাড়াস্থ হোটেল মধুমতি সার্বিকভাবে প্রস্তুত রাখতে হবে; (গ) সংশ্লিষ্ট সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের কালো ব্যাজ ধারন করতে হবে; (ঘ) সংশ্লিষ্ট সংস্থা আলোচনা মোতাবেক স্ব স্ব কর্মসূচি বাস্তবায়ন করবে; (ঙ) আওতাধীন সকল মসজিদে দোয়া ও মিলাদ মাহফিল আয়োজন করতে হবে;	চেয়ারম্যান, বাপক
	(৩) বাংলাদেশ ট্যুরিজম বোর্ড (বিটিবি): (ক) পতাকা অর্ধনমিত রাখা, সকল কর্মকর্তা-কর্মচারীদের কালো ব্যাজ ধারন ও প্রধান কার্যালয় এবং দৃশ্যমান স্থানে শোক ব্যানার স্থাপন; (খ) অংশীজনের সমন্বয়ে বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক ভার্চুয়াল আলোচনা অনুষ্ঠান; (গ) বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক ভিডিও চিত্র এবং টিভিসি প্রদর্শন; (ঘ) স্টেকহোল্ডার ও কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে মিলাদ মাহফিল আয়োজন; (ঙ) অনলাইনে বিষয়ভিত্তিক রচনা প্রতিযোগিতার আয়োজন;	(ক) ১৫ আগস্ট এর ৭ দিন পূর্বে থেকেই শোক ব্যানার স্থাপন করতে হবে। (খ) সংশ্লিষ্ট সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের কালো ব্যাজ ধারন করতে হবে; (গ) সংশ্লিষ্ট সংস্থা আলোচনা মোতাবেক স্ব স্ব কর্মসূচি বাস্তবায়ন করবে; (ঘ) দোয়া ও মিলাদ মাহফিল আয়োজন করতে হবে; (ঙ) অনলাইনে রচনা প্রতিযোগিতার আয়োজন করতে হবে;	প্রধান নির্বাহী কর্মকর্তা, বিটিবি
	(৪) বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড (বিমান): (ক) পতাকা অর্ধনমিত রাখা, সকল কর্মকর্তা-কর্মচারীদের কালো ব্যাজ ধারন ও প্রধান কার্যালয় এবং দৃশ্যমান স্থানে শোক ব্যানার স্থাপন; (খ) আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন; (গ) প্রতিটি ফ্লাইটে জাতীয় শোক দিবসের ঘোষণা প্রচার; (ঘ) স্বাস্থ্যবিধি মেনে শিশুদের নিয়ে চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন।	(ক) ১৫ আগস্ট এর ৭ দিন পূর্বে থেকেই শোক ব্যানার স্থাপন করতে হবে এবং সংশ্লিষ্ট সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের কালো ব্যাজ ধারন করতে হবে; (খ) আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন করতে হবে; (গ) প্রতিটি ফ্লাইটে জাতীয় শোক দিবসের ঘোষণা প্রচার করতে হবে; (ঘ)স্বাস্থ্যবিধি মেনে শিশুদের নিয়ে চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করতে হবে।	এমডি, বিমান

		(৫) হোটেল ইন্টারন্যাশনাল লিমিটেড (হিল): (ক) পতাকা অর্ধনমিত রাখা, সকল কর্মকর্তা-কর্মচারীদের কালো ব্যাজ ধারন ও প্রধান কার্যালয় এবং দৃশ্যমান স্থানে শোক ব্যানার স্থাপন; (খ) হোটেল সোনাগাঁওস্থিত LED মনিটরে বঙ্গবন্ধুর জীবনীদর্শনভিত্তিক ভিডিও প্রামান্যচিত্র প্রদর্শন; (গ) আলোচনা সভা ও ভার্চুয়াল দোয়া মাহফিল আয়োজন; (ঘ) কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের শিশুদের নিয়ে রচনা প্রতিযোগিতার আয়োজন। (ঙ) পরিস্থিতি বিবেচনা সাপেক্ষ্যে এতিমখানায় উন্নতমানের খাবার বিতরন;	(ক) ১৫ আগস্ট এর ৭ দিন পূর্বে থেকেই শোক ব্যানার স্থাপন করতে হবে; (খ) সংশ্লিষ্ট সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের কালো ব্যাজ ধারন করতে হবে; (গ) হোটেল সোনাগাঁওস্থিত LED মনিটরে বঙ্গবন্ধুর জীবনীদর্শনভিত্তিক ভিডিও প্রামান্যচিত্র প্রদর্শন করতে হবে; (ঘ) দোয়া ও মিলাদ মাহফিল আয়োজন করতে হবে; (ঙ) পরিস্থিতি বিবেচনা সাপেক্ষ্যে এতিমখানায় উন্নতমানের খাবার বিতরন করতে হবে।	এমডি, হিল
		(৬) বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড (বিএসএল): (ক) পতাকা অর্ধনমিত রাখা, সকল কর্মকর্তা-কর্মচারীদের কালো ব্যাজ ধারন ও প্রধান কার্যালয় এবং দৃশ্যমান স্থানে শোক ব্যানার স্থাপন; (খ) দোয়া ও মিলাদ মাহফিল আয়োজন; (গ) পরিস্থিতি বিবেচনা সাপেক্ষ্যে এতিমখানায় উন্নতমানের খাবার বিতরন; (ঘ) হোটেল ইন্টারকন্টিন্টালিস্থত LED মনিটরে বঙ্গবন্ধুর জীবনাদর্শনভিত্তিক ভিডিও প্রামান্যচিত্র প্রদর্শন;	(ক) ১৫ আগস্ট এর ৭ দিন পূর্বে থেকেই শোক ব্যানার স্থাপন করতে হবে। (খ) সংশ্লিষ্ট সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের কালো ব্যাজ ধারন করতে হবে; (গ) হোটেল ইন্টারকন্টিনেন্টাল এর LED মনিটরে বঙ্গবন্ধুর জীবনীদর্শনভিত্তিক ভিডিও প্রামান্যচিত্র প্রদর্শন করতে হবে; (ঘ) দোয়া ও মিলাদ মাহফিল আয়োজন করতে হবে;	এমডি, বিএসএল

০৩। সভাপতি ভার্চুয়াল সভায় যুক্ত মন্ত্রণালয়ের কর্মকর্তাগণসহ সকল দপ্তর/সংস্থা প্রধানকে জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদায় ও আন্তরিকতার সাথে দেশব্যাপী এ মন্ত্রণালয়ের দপ্তর ও স্থানীয় অফিসে উদযাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মোকাম্মেল হোসেন
সচিব

স্মারক নম্বর: ৩০.০০.০০০০.০১০.৯৯.০০২.২০.৩৬১

তারিখ: ৪ শ্রাবণ ১৪২৮
১৯ জুলাই ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

১) সংস্থা প্রধান (সকল), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

২) অতিরিক্ত সচিব (সকল), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

৩) যুগ্মসচিব (সকল), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

৪) উপ-সচিব (সকল), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

৫) সিনিয়র সহকারী সচিব (সকল), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

৬) প্রোগ্রামার, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

মোঃ মাহবুবুর রহমান
উপ-সচিব